

আকৃতি

-তপা কর

ওগো মা,

বলছি তোমায় শোনো

নিদারঞ্জন কত পরিস্থিতি বলছি তোমায়

তুমি শুধু গুনো ।

প্রতিদিন যে সূর্য উঠে কত ঝলমলিয়ে

দিনের শেষে যায় তা

মলিনতায় ভরিয়ে,

এই যে সুখ, এই দুঃখ

এই যে আশা, এই নিরাশা

জীবন তাই বিভ্রান্ত

সকল পথিক পথ হারিয়ে আজ যে শুধু ক্লান্ত,

ওগো মা,

বলছি তোমায় তুমি শুধু শোনো ।

বছর পরে আসছো মাগো

চারিদিকে শুধু উৎফুল্লতার শিহরণ,

বিষাদ সরিয়ে আনন্দ কেন মাগো,

করছে না আমাদের বরণ ?

বলো মাগো, ধৈর্য্য আর মনোবলের কত পরীক্ষা বাকি,

নাকি অজান্তে দিয়েছি তাতেও কোনও ফাঁকি ?

মাগো, বছর পরে তোমার আগমন

রেখেছি তাই আশা, জানি তুমি

খুশির আলোয় ভরিয়ে দেবে সবার মন ।